জাল ভিসা প্রতারণা মামলায় মুজিবনগরে মা ছেলে গ্রেফতার

অধিক বেতনের আশ্বাস দিয়ে জাল ভিসায় বিদেশ পাঠানোর অভিযোগে দায়ের করা মামলায় মা ও ছেলেকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেছে পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের কলেজপাড়া এলাকার আব্দুর রশিদের স্ত্রী আদম ব্যাপারি লাল ফাতুন খাতুন (৫৫) ও তার ছেলে মোঃ সাগর আলী (৩০)

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল নেতৃতে পুলিশের একটি টিম গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে মুজিবনগর থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে এই দুই প্রতারক আদম ব্যাবসায়ীকে আটক করেছে।তাদের বিরুদ্ধে প্রতারণামূলক ভাবে অধিক বেতনের আশ্বাস দিয়ে বিদেশে কর্মী পাঠানের নামে অর্থ গ্রহণ, বৈদেশিক কর্মসংস্থান সম্পর্কিত চাহিদা পত্র ভিসা সংগ্রহ করে আটকে রেখে ক্রয় বিক্রয় ও সহায়তা সংক্রান্ত অভিযোগে বৈদেশিক কর্মসংস্থান এবং অভিবাসী আইন/২০১৩ এর ৩২(ক), (খ), (গ), (ঘ)/৩৩/৩৬ ধারায় মুজিবনগর থানার মামলা দায়ের করা হয়েছে। যার মামলা নং ১১।

জিঞ্জাসাবাদ শেষে তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

মামলার বাদী ভুক্তভোগী মোনাখালি গ্রামের কাজল বিশ্বাস বলেন দারিয়াপুর গ্রামের আদম দালাল সাগর আলীর ও তার মা লালফাতুন খাতুনের মাধ্যমে সৌদি আরব যায়। সৌদি পৌছানোর পর আমি বুঝতে পারি আমাকে জাল ভিসায় পাঠিয়েছি । তিন মাসে কোন কাজ মেলেনি। পরে পুলিশের কাছে ধরা দিয়ে ১৪ দিন জেল খেটে বাড়ি ফিরে আসি।

বিদেশে শ্রমিক পাঠানোর কথা স্বীকার করে সাগর বলেন, ১৮ জনকে সৌদি পাঠিয়েছি। প্রথম দিকে কোম্পানীর একটু সমস্যা হয়েছিল। বিদেশে শ্রমিক পাঠানো কাজের কোন লাইসেন্স আছে কিনা জানতে চাইলে সাগর বলেন, আমার এক মামার মাধ্যমে বিদেশ পাঠায়।

গাংনী পৌর মেয়রের মাছ নিধনের মামলায় গ্রেফতার-২

গাংনী পৌর মেয়রের মৎস্য ঘেরে বিষ প্রয়োগে মাছ নিধনের ঘটনায় দায়ের করা মামলায় এজাহার নামীয় ২ আসামি গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের আব্দুর রহমানের ছেলে আমজাদ হোসেন (৪৫) ও আসাদুজ্জামানের ছেলে মেহেদী (২০)।

আজ বৃহস্পতিবার ভোররাতের দিকে তাদের বাড়িতে অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করা হয়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, গত রবিবার দিবাগত রাতে গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীর এলাঙ্গী বিলে বিষ প্রয়োগ করে প্রায় ৮০ লক্ষ টাকার মাছ নিধন করেছে দূর্বৃত্তরা। এঘটনায় মেয়র আহম্মেদ আলী বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন যার মামলা নং (২৫)(৬)২৩।

ওসি আব্দুর রাজ্জাক আরও জানান, গ্রেফতারকৃতদের ৫ দিনের রিমান্ড আবেদন জানিয়ে আজ বৃহস্পতিবার আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে সাংবাদিক আবু আক্তার, রেক্সোনাসহ ৩ জন

কারাগারে

মেহেরপুরে আলোচিত আটলান্টিকা হোটেল কাণ্ড মামলায় ডিবিসি টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করণ, দেশ টিভির মেহেরপুর প্রতিনিধি রেক্সোনা আরা ও নিলুফার ইয়াসমিন রুপাকে জেল হাজতে পাঠিয়েছে আদালত।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বক্কর সিদ্দিকের আদালতে জামিন আবেদন করে আত্মসমর্পণ করলে বিজ্ঞ বিচারক তাদের জামিন না মঞ্জুর করে জেল হাজতে পাঠানোর আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, ডিবিসি চ্যানেলের সাংবাদিক আবু আক্তার করণ, দেশ টিভির সাংবাদিক রেক্সোনা আরা, ও নিলুফার ইয়াসমিন রুপাসহ ১৭ আসামিকে অভিযুক্ত করে হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় পুলিশ আদালতে চার্জশিট দেয়। এরপর তারা উচ্চ আদালতে চার্জশিটের তথ্য গোপন করে ৬ সপ্তাহের আগাম জামিনে ছিলেন। উচ্চ আদালতের জামিনাদেশ শেষ হলে বৃহস্পতিবার তারা মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করেন। আদালত জামিন না মঞ্জুর করে জেল হাজতে পাঠানোর আদেশ দেন।

মামলায় আসামিদের পক্ষে মিয়াজান আলী, মারুফ আহমেদ বিজন ও মিনা পাল এবং সরকারি পক্ষে কোর্ট পুলিশ পরিদর্শক কৌসুলির দায়িত্ব পালন করেন।

এর আগে গত ১১ এপ্রিল মেহেরপুরের চার সাংবাদিকসহ ১৭ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দিয়েছে পুলিশ। অভিযুক্তদের বিরুদ্ধে পেনাল কোডের ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারাসহ ২০১২ সালের পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনের ৮(১),৮(২), ৮(৩), ৮(৪) ধারায় অপরাধ প্রাথমিকভাবে সত্য বলে প্রমানিত হওয়ায় আদালতে চার্জশিট দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা।

চার্জশিটে অভিযুক্তরা হলেন- বাংলাভিশনের মেহেরপুর প্রতিনিধি মুস্তাফিজুর রহমান ওরফে তুহিন আরন্য, ডিবিসি টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করন, দেশ টিভির প্রতিনিধি রোকসানা আরা, এশিয়ান টিভির প্রতিনিধি মিজানুর রহমান জনি, কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান,

তার ছেলে মামুন জোয়ার্দার, আব্দুস সালাম, হাসিবুল হক জয়, নেহাল আল মুকিত, শাহাজান আলী, মোছা. রুপা, নুসরাত, বর্ষা, সুমন রহমান বিমান ও বিপাশা।

এদের মধ্যে মিজানুর রহমান জনি, নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, মতিয়ার রহমান, মামুন জোয়ার্দার, হাসিবুল হক জয়, শাহাজান আলী, নেহাল আল মুকিত পুলিশের হাতে আটক হয়ে হাজতবাস করেছেন। বর্তমানের তারা জামিনে আছেন। বাকিরা উচ্চ আদালত থেকে ৬ সপ্তাহের জামিনে ছিলেন। এদের মধ্যে এই তিনজন আজ মেহেরপুর চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করলে বিজ্ঞ বিচারক তাদের জামিন নামঞ্জুর করে জেল হাজতে পাঠানোর আদেশ দেন।

পুলিশের চার্জশিট থেকে জানা যায়, একটি নারী চক্র গড়ে তুলে মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন বিভিন্ন ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা বা অভিজাত শ্রেনীর মানুষকে সুন্দরী নারী দিয়ে প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন করে তা ভিডিও ধারণ করেন। এবং সেই ভিডিও দিয়ে ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নিচ্ছিল। এই চক্রে বিভিন্ন এলাকার প্রায় ডজ্জনখানেক সুন্দরী নারী জড়িত ছিলো। তাদের পৃষ্ঠপোষক করতো অভিযুক্ত মেহেরপুরের চার সাংবাদিকও।

উল্লেখ্য, গত বছরের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মী সদর থানায় নারী চক্রের প্রধান হোতা প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন।

দামুড়হুদায় ১৮ পিচ ইয়াবাসহ দশমী পাড়ার জহিরুল ইসলাম

গ্রেফতার

দামুড়হুদায় মাদকবিরোধী অভিযানে ১৮ পিচ ইয়াবাসহ একজন গ্রেফতার। গত মঙ্গলবার দিবাগত-রাত ১১ টার দিকে দামুড়হুদা চৌরাস্তার মোড় স্মৃতি ওয়াজ এন্ড চশমা হাউজের সামনে পাকা রাস্তার উপর থেকে গোপন সংবাদের ভিত্তিতে মাদকবিরোধী অভিযানে একজনকে গ্রেফতার করে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা সদর ইউনিয়নের দশমী পাড়ার বাসিন্দা মৃত আবুল কালাম এর ছেলে জহিরুল ইসলাম (৩৪)।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর সার্বিক দিকনির্দেশনায় এসআই মনজুরুল ইসলাম, এএসআই বিপ্লব দাস সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযানে দামুড়হুদা সদর দশমী পাড়ার মৃত আবুল কালাম এর ছেলে জহিরুল ইসলাম (৩৪) কে দামুড়হুদা চৌরাস্তার মোড় স্মৃতি ওয়াজ এন্ড চশমা হাউজের সামনে পাকা রাস্তার উপর থেকে গোপন সংবাদের ভিত্তিতে মাদকবিরোধী অভিযানে ১৮ পিচ ইয়াবা ট্যাবলেটসহ হাতেনাতে গ্রেফতার করে। তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আসামীকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী পৌর মেয়র আহম্মেদের মাছের ঘেরে বিষ প্রয়োগ

গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীর মাছের ঘেরে বিষপ্রয়োগে ৮০ লক্ষ টাকার মাছ নিধন করেছে দুর্বৃত্তরা।
মঙ্গলবার দিবাগত রাতের কোনো এক সময় এ উপজেলার এলাঙ্গী গ্রামের বিলে মেয়র আহম্মেদের মাছের ঘেরে বিষ প্রয়োগের এই ঘটনা ঘটে।

মৎস্য চাষী সাগর হোসেন বলেন, মেয়র আহম্মেদ আলীর মাছের ঘেরের পাশেই আমার মাছের প্রজেক্ট রয়েছে। সে সুবাদে আমি রাতে ওই খানেই ছিলাম।
আহম্মেদ আলীর ৪৫ বিঘা আয়তনের মাছের ঘেরের বিদ্যুৎ ও সিসি ক্যামেরার সংযোগ বিচ্ছিন্ন করে বিষ প্রয়োগ করে দূর্বৃত্তরা। সকালের দিকে ঘেরের কর্মচারীরা দেখেন মাছ ধীরে ধীরে মারা যাচ্ছে। ঘের থেকে বিষের ব্যাগ উদ্ধার করা হয়েছে।

মেয়র আহম্মেদ আলী জানান, একটি চক্র শক্রতাবশত এমন কাজ করেছে। তবে তাদের আমি সনাক্তও করেছি। তাদের বিরুদ্ধে আইনের আশ্রয় নেবো। তিনি বলেন, মাছ মারা যাওয়ায় আমার প্রায় ৮০ লাখ টাকার মাছ মারা গেছে।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার শহিদ ঘটনাস্থল পরিদর্শন করেন। বিষপ্রয়োগে দেশীয় প্রজাতিসহ বিভিন্ন প্রজাতির ব্যাপক মাছ মারা গেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৫ জন আসামি গ্রেফতার করেছে।

এদের মধ্যে মাদক মামলায় ১ নারীকে, চুরির মামলায় ১ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর ও সিআর মামলায় ৩ আসামি রয়েছে।

মঙ্গলবার দিবাগত রাতভর জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম আজ বুধবার (১৪ জুন) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সংশ্লিষ্ট থানাগুলো এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম এই অভিযানে অংশ নেন।
আজ বুধবার (১৪ জুন) সকালের দিকে গ্রেফতারকৃত অসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

গাংনী উপজেলার কাজীপুর গ্রামে আপন চাচা শশুর কাজিম উদ্দীন হত্যার অভিযোগ শরিফুল ইসলাম নামের (জামাতা)
এক ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা আনাদায়ে আরো ১ বছরের কারাদণ্ডাদেশ দিয়েছেন।
আজ মঙ্গলবার (১৩ জুন) বিকালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শহিদুল্লাহ্ এ রায় দেন।
সাজাপ্রাপ্ত শরিফুল ইসলাম কাজীপুর মাঠপাড়া গ্রামের রোমজিতের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৩ সালের ২৬ মে সন্ধ্যার দিকে কাজীপুর মাঠ পাড়ার কাজিম উদ্দীন একই এলাকার নাজিমুদ্দিনের চায়ের দোকানে বসে চা পান করছিলেন। চা পান করার পর বিল দেয়াকে কেন্দ্র করে প্রথমে কথা কাটাকাটি শুরু হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে শফিকুল কাজিমুদ্দিনের পুরুষাঙ্গ চেপে ধরে। এ সময় তার সহযোগীরা তাকে কিল ঘুষি মারতে থাকে। ঘটনাস্থলে কাজিমুদ্দীনের মৃত্যু হয়। এ ঘটনায় নিহত কাজিমুদ্দিনের পুত্র আবু সাঈদ বাদী হয়ে গাংনী থানায় ৩০২/৩৪ ধারায় রোমজিতে ছেলে শরিফুল, মওলা বকসের ছেলে রোমজিতে, খোকা দফাদারের ছেলে নাজিম, এলাহি বক্সের ছেলে মজনু, মজনুর ছেলে মনির, নাজিরের ছেলে জিয়া, মাওলা বক্সের ছেলে পচু, নাজিমুদ্দিনের মেয়ে মঞ্জু, মিনা, এবং তার স্ত্রী মহিমাকে আসামি করে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ২৮। জি আর কেস নং৩১২/২০১৩। সেসন মামলা নং ১৫০/২০১৫।

পরে মামলা তদন্তকারী কর্মকর্তা এসআই আনোয়ার হোসেন মামলার প্রাথমিক তদন্ত শেষে শরিফুল, মন্জু বেগম, মিনা, মহিমা, রমোজিত, নাজিম উদ্দিনের বিরুদ্ধে আদালতে চার্জ দাখিল করেন। মামলায় মোট ৯ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। এতে মামলার এক নম্বর আসামি শরিফুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগ ৩০৪ ধারার প্রথম অংশে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত শরিফুল ইসলামেক যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা।
আনাদায়ে আরো ১ বছরের কারাদণ্ডাদেশ দেন।

মামলার অপর আসামি মঞ্জু বেগম, মিনা, মহিমা, রমোজিত এবং নাজিমের বিরুদ্ধে অনিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিজ্ঞ আদালত তাদের বেকসুর খালাস দেন। মামলায় রাষ্ট্রপক্ষে পিপি পল্লব ভট্টাচার্য। এবং আসামির পক্ষে একেএম শফিকুল আলম কৌশলী ছিলেন।

মেহেরপুরে নিহত অটোচালক আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসি দাবি

মেহেরপুর জেলা অটো,ইজিবাইক মালিক ও চালক সমিতির সদস্য আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসির দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে মেহেরপুর জেলা অটো,ইজিবাইক চালক ও মালিক সমিতি।

আজ মঙ্গলবার (১৩ জুন) বেলা ১২ টার সময় হাসপাতাল রোডে সমিতির কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও সাংবাদিক সম্মেলন করেন তারা।

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক চালক সমিতির সভাপতি মোঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মফলেউর রহমান পিন্টু, নিহত আব্দুর রহমানের ভাগ্নে সাইদুর রহমান সাঈদ, স্ত্রী রেহেনা খাতুন, মেয়ে রিনা খাতুন, রিতু খাতুন।

এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র সহসভাপতি মো পিন্টু, সহ সভাপতি মোঃ

রায়হান আলী মিঠু, সহ-সাধারণ সম্পাদক আব্দুল আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ রিপন আলী, কোষাধ্যক্ষ মোহাম্মদ সালাউদ্দিন খোকন, লাইন সম্পাদক মোহাম্মদ আল আমিন প্রমুখ। মানববন্ধনে বক্তারা ঘাতকদের গ্রেফতার ও তাদের ফাঁসি দাবি করেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৪

মেহেরপুর পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ জনসহ ৩ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন আসামি রয়েছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে সদর ও মুজিবনগর থানা পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশ এসব আসামি গ্রেফতার অভিযানে অংশ নেন।

মেহেরপুর সদর থানা পুলিশ ও মুজিবনগর থানা পুলিশ এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ মঙ্গলবার (১৩ জুন) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে গাঁজাসহ মাদক কারবারী আটক

১০০ গ্রাম গাঁজাসহ সোহান হোসেন নামের এক মাদক কারবারীকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্প।
আটক সোহান বামন্দী পশ্চিমপাড়া এলাকার ইরফান আলীর ছেলে।
সোমবার দিবাগত মধ্যরাতে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ সোহানকে আটক করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।
সোহানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ মঙ্গলবার (১৩ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।